তারিখ 12 MAR 1991
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

দৈনিক বাংলা

193

### ছাত্রদের আন্দোলনের নয়া কর্মসূচী

# নয়া মেডিক্যাল ও ডেন্টাল কারিকুলাম স্থগিত

॥ মেডিক্যাল রিপোর্টার ॥

গতকাল বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিলের এক সভায় নয়া কারিকুলাম স্থগিত ঘোষণা করা হয়েছে।

এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য আগামী ১৮ই মার্চ সোমবার সকাল ১০টায় পুনরায় এক সভা আহবানের সিদ্ধান্ত নেয়া হয়েছে। এই সভায় ৮টি মেডিক্যাল ও একটি ডেন্টাল কলেজের ভিপি, জিএস ও সর্বদলীয় ছাত্রঐক্যের একজন প্রতিনিধি, অধ্যক্ষবৃন্দ, একাডেমিক কাউন্সিলের প্রতিনিধি, ১ জন করে শিক্ষক প্রতিনিধি, ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ডীনগণ, স্বাস্থ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এবং স্বাস্থ্য মহাপরিচালক উপস্থিত থাকবেন বলে জানানো হয়েছে।

(৪-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## কারিকুলাম স্থগিত

(প্রথম পৃষ্ঠার পর)

এ সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল বিজয়নগরস্থ বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল ভবনে যায় এবং কাউন্সিলের সভাপতি অধ্যাপক আবু আহমদ চৌধুরীর কাছে একটি স্মারকলিপি প্রদান করে।

**দুই দল ছাত্রের সংঘর্ষ**

গতকাল বিএমডিসিতে অবরোধ কর্মসূচীর সময় স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজের দুইদল ছাত্রের মধ্যে সংঘটিত সংঘর্ষের জের হিসাবে বিকালে উক্ত কলেজ ও ছাত্রাবাসে ছাত্রলীগ ও ছাত্রদল কর্মীদের মধ্যে আবার সংঘর্ষ বাধে। সংঘর্ষে ৪ জন ছাত্র আহত হয় এবং ২টি কক্ষ ভাঙচুর করা হয়। আহতদের হাসপাতালে ভর্তি করা হয়েছে।

**আন্দোলনের নয়া কর্মসূচী**

এদিকে নয়া মেডিক্যাল ও ডেন্টাল কারিকুলাম বাতিলের দাবীতে গতকাল ৮টি মেডিক্যাল কলেজ ও ৩টি ডেন্টাল কলেজ সর্বদলীয় ছাত্রঐক্যের আহবানে বিএমডিসি ভবনে এক অবরোধ কর্মসূচী পালিত হয়। এ সময় কর্তৃপক্ষ নয়া কারিকুলাম স্থগিত ঘোষণা করলে ছাত্রঐক্য নেতৃবৃন্দ অবরোধ কর্মসূচী প্রত্যাহার করে আন্দোলনের নতুন কর্মসূচী ঘোষণা করেন।

এই কর্মসূচী অনুসারে আজ থেকে আগামী ১৮ই মার্চ পর্যন্ত সকাল ১১টার পর ক্লাস বর্জনসহ মিছিল ও সমাবেশ, আগামী ১৮ই মার্চ পূর্ণদিবস ধর্মঘট এবং মেডিক্যাল ও ডেন্টাল কাউন্সিলের সভায় আলোচনা চলাকালীন সময়ে সভাস্থল অবরোধের সিদ্ধান্ত নেয়াহয়।

**ছাত্রশিবিরের মিছিল**

এর আগে নয়া কারিকুলাম বাতিলের দাবীতে বাংলাদেশ ইসলামী ছাত্র শিবির মেডিক্যাল কলেজ ইউনিটের আহবানে গতকাল জাতীয় প্রেসক্লাবের সামনে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে নেতৃবৃন্দ নয়া কারিকুলাম বাতিল ও পুরনো কারিকুলাম পুনর্বহালের জোর দাবী জানান।